



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১২

২৬ এপ্রিল ২০২২
তারিখঃ -----
১৩ বৈশাখ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) এর নীতিমালা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ১৩ জুন ২০২১ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে "আমদানি পরবর্তী অর্থায়ন" (Post Import Financing -PIF) সংক্রান্ত নীতিমালা জারি করা হয়। এক্ষেত্রে, দেশের কৃষিখাতসহ অন্যান্য জরুরী খাতসমূহের টেকসই উন্নয়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিকে সুসংহতকরণের নিমিত্ত দেশের সামগ্রিক আমদানি কার্যক্রমকে দীর্ঘমেয়াদে স্থিতিশীল রাখার লক্ষ্যে "আমদানি পরবর্তী অর্থায়ন" বা "Post Import Financing (PIF)" নীতিমালা সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১২/২০২১ এর অনুষঙ্গ নং-২.১, ২.২, ২.৩(ঙ), ২.৩(চ), ২.৪(ক), ২.৫(চ) এবং ২.৫(ঝ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

"২.১। সংজ্ঞাঃ নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য বা ট্রেডিং পণ্য, শিল্পের কাঁচামালসহ ইত্যাদি বিভিন্ন খাতে আমদানি দায় পরিশোধের নিমিত্ত প্রদত্ত সকল প্রকার ফান্ডেড ঋণ সুবিধাসমূহ LTR/LATR/MTR/MPI ইত্যাদি যে নামেই অভিহিত হোক না কেন এসকল ঋণসমূহ বাংলায় "আমদানি পরবর্তী অর্থায়ন" এবং ইংরেজীতে "Post Import Financing (PIF)" নামে অভিহিত হবে। তবে ইউএফ খাতে প্রদত্ত অর্থায়ন PIF-এর আওতাভুক্ত হবে না। এক্ষেত্রে ইউএফ সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণীয় হবে।

২.২। খাত ও মেয়াদঃ গ্রাহকের চাহিদা, সংশ্লিষ্ট পণ্যের প্রকৃতি এবং উৎপাদন/বিপণন চক্রের সাথে সঙ্গতি রেখে PIF এর মেয়াদ ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে, তবে এরূপ মেয়াদ নিম্নবর্ণিত মেয়াদের অধিক হবে নাঃ

- নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের ক্ষেত্রে (যেমনঃ চাল, ডাল, পেঁয়াজ, রসুন, মসলা, ভোজ্যতেল ইত্যাদি) PIF সৃষ্টির তারিখ হতে অনধিক ৯০ (নব্বই) দিন;
- নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য ব্যতীত অন্যান্য ট্রেডিং পণ্যের ক্ষেত্রে PIF সৃষ্টির তারিখ হতে অনধিক ১২০ (একশত বিশ) দিন;
- কৃষিখাতের আমদানিকৃত পণ্য (যেমনঃ সার, বীজ, কীটনাশক ইত্যাদি) ও কৃষি যন্ত্রপাতি/মেশিনারিজ এবং প্রাণিজ খাতের আমদানিকৃত পণ্যসমূহের (যেমনঃ মৎস্যসহ গৃহপালিত পশু-পাখির প্রয়োজনীয় পুষ্টি উপকরণ, ভ্যাকসিন, ঔষধ ইত্যাদি) ক্ষেত্রে PIF সৃষ্টির তারিখ হতে অনধিক ১৮০ (একশত আশি) দিন;
- শিল্পের কাঁচামালের ক্ষেত্রে PIF সৃষ্টির তারিখ হতে অনধিক ২১০ (দুইশত দশ) দিন।

২.৩। ঋণ অনুমোদন

- কোন গ্রাহকের অনুকূলে প্রদত্ত PIF সুবিধা Overdue হলে উক্ত গ্রাহককে নতুন PIF সুবিধা দেওয়া যাবে না। তবে নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে PIF সুবিধা Overdue হলে খেলাপি হওয়ার পূর্ব পর্যন্ত ঐ গ্রাহকের অনুকূলে নতুন PIF সুবিধা দেওয়ার প্রয়োজন হলে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক তা অনুমোদিত হতে হবে। ব্যাংকের বোর্ড মিটিং অনুষ্ঠানের অন্তর্বর্তী সময়ে বিশেষ প্রয়োজনে নতুন PIF সুবিধা দেওয়ার ক্ষেত্রে পরিচালনা পর্ষদ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে বিশেষ ক্ষমতা অর্পণ করতে পারবে। তবে এক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী বোর্ড সভায় উক্ত PIF সুবিধা প্রদানের যৌক্তিকতা উপস্থাপন করবেন। এতদ্ব্যতীত বাংলাদেশে কার্যরত বিদেশী ব্যাংকের ক্ষেত্রে পরিচালনা পর্ষদের পরিবর্তে স্থানীয় সর্বোচ্চ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- স্থানীয় ঋণপত্রের বিপরীতে PIF সুবিধা প্রদান করা যাবে না। তাছাড়া একই গ্রুপভুক্ত বা স্বার্থ-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে ব্যাংক ব্যবস্থার মাধ্যমে ক্রয়-বিক্রয়ের ক্ষেত্রেও PIF সুবিধা প্রদান করা যাবে না।

পরবর্তী পৃষ্ঠায়

২.৪। পুনর্গঠন ও পুনঃতফসিলিকরণঃ

ক) PIF সুবিধা পুনর্গঠন (Restructure) বা মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে এর যথার্থতা যাচাইপূর্বক পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে (ব্যাংকের বোর্ড মিটিং অনুষ্ঠানের অন্তর্বর্তী সময়ে বিশেষ প্রয়োজনে এরূপ মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে অনুচ্ছেদ ২.৩(ঙ) এ বর্ণিত নির্দেশনার ন্যায় ব্যবস্থা গ্রহণ করতে হবে) ক্রমিক নং-২.২-এ উল্লিখিত মেয়াদ সর্বোচ্চ একবারের জন্য নিম্নোক্তভাবে বৃদ্ধি করা যাবেঃ

- ১) নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্যের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন;
- ২) নিত্য প্রয়োজনীয় ভোগ্যপণ্য ব্যতীত অন্যান্য ট্রেডিং পণ্যের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন;
- ৩) কৃষিখাতের আমদানিকৃত পণ্য ও কৃষি যন্ত্রপাতি/মেশিনারিজ এবং প্রাণিজ খাতের আমদানিকৃত পণ্যসমূহের ক্ষেত্রে সর্বোচ্চ ৬০ (ষাট) দিন;
- ৪) শিল্পের কাঁচামালের ক্ষেত্রে সর্বোচ্চ ৬০ (ষাট) দিন;

এরূপ মেয়াদ বৃদ্ধির যথার্থতা যাচাইয়ের ক্ষেত্রে পণ্যের Seasonality ও Nature of Trading, পণ্য অবিক্রিত অবস্থায় ঋণগ্রহীতার নিয়ন্ত্রণে রয়েছে কিনা এবং উক্ত পণ্য মজুত করার উদ্দেশ্যে মেয়াদ বৃদ্ধি করা হচ্ছে কিনা ইত্যাদি বিষয়সমূহ বিবেচনায় নিতে হবে।

২.৫। PIF আদায় ও তদারকিঃ

(চ) PIF-সমূহ তলবি ঋণভুক্ত বিধায় সিএল-৩ এ সংশ্লিষ্ট Product Name-উল্লেখপূর্বক (যেমনঃ PIF-Product Name) রিপোর্ট করতে হবে।

(ঝ) নিয়মিত স্টক রিপোর্ট সংগ্রহ করত অসম্বিত PIF স্থিতির সাথে অসঙ্গতি পরিলক্ষিত হলে আমদানিকারকের বিরুদ্ধে ব্যাংক কর্তৃক আইনি ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

০৩। এতদ্ব্যতীত বিআরপিডি সার্কুলার নং-১২/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মাকসুদা বেগম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২